

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
শাখা-১০  
[www.mole.gov.bd](http://www.mole.gov.bd)

নং-৪০.০০.০০০০.০২০.১১.০০৯.১৬-৫৫৮

তারিখঃ ০৬-১২-২০১৬ খ্রিঃ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ১৪-০৬-২০১৬ তারিখের ৮০.১০৫.০১১.৪০.০০৪.০৬৪.২০১৬/১১৮ নং পত্রের মাধ্যমে মুক্তিযোদ্ধা পোষ্য কোটায় সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থীকে বর্ণিত শর্তাধীনে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত ২২০০০-৫৩০৬০/=টাকা বেতন স্কেলে বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ অস্থায়ীভিত্তিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ১ম শ্রেণীর নন-ক্যাডার 'সহকারী মহাপরিদর্শক (সাধারণ)' পদে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক নং	নাম ও পদবী	জন্ম তারিখ	নিজ জেলা
১.	এ.কে.এম মানছুরুল হক সহকারী মহাপরিদর্শক (সাধারণ)	০৩-১১-১৯৮৮	ফেনী

চাকরির শর্তসমূহঃ

- এই পদে যোগদানের তারিখ থেকে পরবর্তী দুই বৎসর তাঁর চাকুরী শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। সরকার প্রয়োজন মনে করলে তাঁর এই শিক্ষানবিশকাল সর্বোচ্চ আরও দুই বৎসর বৃদ্ধি করতে পারবেন;
- যদি এই শিক্ষানবিশকালে তাঁর আচরণ ও কার্যাবলী সন্তোষজনক বলে বিবেচিত না হয়, সে ক্ষেত্রে কোন কারণ দর্শানো ছাড়াই তাঁকে চাকুরী হতে অপসারণ করা হবে;
- এই পদের জন্য সরকার কর্তৃক বিভিন্ন সময়ে আয়োজিত যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদিতে উত্তীর্ণ হওয়ার পর শিক্ষানবিশকাল সন্তোষজনক প্রতীয়মান হলে সেক্ষেত্রে তাঁর চাকুরী স্থায়ী করা হবে;
- এই পদে নির্দিষ্টভাবে উল্লেখ হয়নি এরূপ ক্ষেত্রে চাকুরি সংক্রান্ত সরকারের অন্যান্য বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে মর্মে গণ্য করতে হবে;
- এ প্রজ্ঞাপন জারীর তারিখ হতে ১(এক) মাসের মধ্যে তিনি নির্ধারিত কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থী যোগদানে ইচ্ছুক নন মর্মে গণ্য করা হবে এবং তাঁর নিয়োগাদেশ বাতিল হবে;
- নবনিয়োগ প্রাপ্ত সহকারী মহাপরিদর্শক (সাধারণ) নির্ধারিত সময়ের মধ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকায় তাঁর যোগদানপত্র জমা দেবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
স্বাক্ষরিত/-  
(আবদুল মতলেব হাওলাদার)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৭১৪০  
[section10@mole.gov.bd](mailto:section10@mole.gov.bd)

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)




নং-৪০.০০.০০০০.০২০.১১.০০৯.১৬-৫৫৮/১(৯)

তারিখঃ ০৬-১২-২০১৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ২৩-২৪ কাওরান বাজার, ঢাকা।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সিজিএ অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। এ.কে.এম মানছুরুল হক, পিতা-এ.কে.এম মমিনুল হক।  
স্থায়ী ঠিকানাঃ নতুন হাজীবাড়ী, গ্রাম-নয়ানপুর, ডাকঘর-প্রতাপপুর, থানা-দাগনভূইয়া, জেলা-ফেনী।  
বর্তমান ঠিকানাঃ মোঃ সাহাবউদ্দিন, ২৬ দিলকুশা বা/এ, প্রিন্সিপাল শাখা, পূবালী ব্যাংক লিমিটেড,  
মতিঝিল, ঢাকা-১০০০।
- ৯। গার্ড ফাইল/অফিস কপি।

  
(আবদুল মতলেব হাওলাদার)  
সহকারী সচিব